ভোরের কাগজ

তারিখ FEB. 15 1999
পৃষ্ঠা ১২ কলাম ৪

1/8

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

# শিক্ষক সমিতির নির্বাচনকে ঘিরে রাজনৈতিক মেরুকরণ, কাল ভোট

হারুন রশীদ, জা. বি থেকে : জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির নির্বাচন আগামীকাল মঙ্গলবার অনুষ্ঠিত হচ্ছে। ইতিমধ্যেই সাধারণ সম্পাদকসহ দুইজন প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছে। নির্বাচনকে সামনে রেখে জোর প্রচারণাও চলছে।

এদিকে এবারের নির্বাচনকে ঘিরে নতুন রাজনৈতিক মেরুকরণও হয়েছে। এতোদিন সাধারণত ভিসি গ্রুপ ও এন্টি ভিসি গ্রুপ শিরোনামে নির্বাচনী প্যানেলের পরিচয় দেওয়া হতো। কিন্তু এবারের নির্বাচনে কোনটি ভিসি গ্রুপ আর কোনটি এন্টি ভিসি গ্রুপ এ নিয়ে সাধারণ ভোটারদের মধ্যে সংশয় দেখা দিয়েছে। এমনকি প্যানেল দুটোর প্রার্থীদের রাজনৈতিক পরিচয় নিয়েও জটিলতা দেখা দিয়েছে। এ জটিলতা আরো গভীর হয়েছে যখন বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত দুজন প্রার্থীকে উভয় প্যানেল 'তাদের' প্রার্থী দাবি করেছে।

বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিতরা হলেন— সাধারণ সম্পাদক পদে প্রফেসর কামরুল আহসান এবং কোষাধ্যক্ষ পদে প্রফেসর নুরুল আলম। রাজনৈতিকভাবে এরা বিএনপি মতাদর্শী। তবে আপাতত তাদেরকে ভিসি প্যানেলের প্রার্থী মনে করা হচ্ছে। যদিও ভিসি নিজে আওয়ামী লীগ সমর্থক।

জানা যায়, বিএনপিপন্থী প্রফেসর মুস্তাহিদুর রহমান রাজনৈতিকভাবে বেশ প্রভাবশালী। কিন্তু দীর্ঘদিন তিনি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ক্ষমতার বাইরে অবস্থান করছেন। এ অবস্থায় উপাচার্য অধ্যাপক আলাউদ্দিন আহমেদের সঙ্গে যোগ দিয়ে তিনি ক্ষমতার অংশীদার হতে চাইছেন। যার কারণে ভিসি সমর্থিত প্যানেলকে তিনি সমর্থন দিয়েছেন। এই রাজনৈতিক মেরুকরণের ফলে ভোটাররা দ্বিধাগ্রস্ত।

ভিসি সমর্থিত প্যানেলের নেতৃত্ব দিচ্ছেন উপাচার্য প্রফেসর আলাউদ্দিন আহমেদ। যদিও সাংবাদিকদের তিনি জানিয়েছেন, তিনি কোনো দলে নেই। এ প্যানেলের আরো নেতৃত্ব দিচ্ছেন প্রফেসর মুস্তাহিদুর রহমান ও প্রফেসর এনামুল হক খান। এ প্যানেলের প্রতিদ্বন্দ্বী প্রার্থীরা হচ্ছেন সভাপতি প্রফেসর ইসমাইল হোসেন। সহসভাপতি প্রফেসর নুরুল আলম। সহসাধারণ সম্পাদক প্রফেসর ফরিদ আহমেদ। কার্যকরী পরিষদের সদস্যরা হচ্ছেন— প্রফেসর নাসিরুদ্দিন, প্রফেসর আবুল হোসেন, প্রফেসর মুস্তাহিদুর রহমান, প্রফেসর এনামুল হক খান, প্রফেসর আব্দুল মান্নান চৌধুরী, মজিবর রহমান, নাইমুল ইসলাম, মোহাম্মদ আলী আকন্দ, সাদিয়া বেগম ও প্রফেসর আজিজুল হক ভূঁইয়া।

ভিসিবিরোধী প্যানেলের প্রার্থীরা হচ্ছেন— সভাপতি প্রফেসর আবু সাঈদ খান, সহসভাপতি কাজী আব্দুস সামাদ, সহসাধারণ সম্পাদক, আব্দুর রব নিস্তার, কার্যকরী পরিষদের সদস্য প্রফেসর ইমাম উদ্দিন আহমেদ, প্রফেসর এ বি এম এনায়েত হোসেন, প্রফেসর আ ফ ম ওবায়েদুর রহমান, প্রফেসর আমীন মোহাম্মদ আলী, প্রফেসর এস এম সলিমুল্লাহ খান, মুজিবর রহমান, দিলদার হোসেন, শেখ মঞ্জুরুল হক ও ড. রফিকুজ্জামান।

নির্বাচনের শেষ মুহূর্তে এসে এখন জোর প্রচারণা চলছে। প্রার্থীরা ভোটারদের দ্বারে দ্বারে গিয়ে ভোট প্রার্থনা করছেন। বিশ্ববিদ্যালয়ের প্রায় ৩৫০ জন শিক্ষক এ নির্বাচনে ভোট প্রদান করবেন বলে আশা করা যাচ্ছে।